

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-৩৭৬৪

আগরতলা, ০৭ মার্চ, ২০১৮

৮ম থিয়েটার ওলিম্পিকস্ শুরু

আজ থেকে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ৮ম থিয়েটার ওলিম্পিকস্ শুরু হয়েছে। প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানটির উদ্বোধন করেন রাজ্যপাল তথাগত রায়। বক্তব্য রাখতে গিয়ে তিনি ৮ম থিয়েটার ওলিম্পিকস্ আয়োজনের জন্য ন্যাশনাল স্কুল অব ড্রামার কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। অনুষ্ঠানের শুরুতে এন এস ডি'র এসোসিয়েট প্রফেসর আব্দুল লতিফ খটানা রাজ্যপালকে ফুল ও শাল চাদর দিয়ে অভ্যর্থনা জানান। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব সরোজ চৌধুরী। রবীন্দ্রভবনে এই থিয়েটার ওলিম্পিকস্ চলবে ১৬ মার্চ পর্যন্ত।

\*\*\*\*